NYC Public Schools

## সংশ্লিষ্ট পরিষেবার অনুমোদন

প্রশ্ন ও উত্তর

### সংশ্লিষ্ট পরিষেবার অনুমোদন (রিলেটেড সার্ভিস অথরাইজেশন, RSA) বলতে কী বোঝায়?

আপনার সন্তানের জন্য সংযুক্ত ফর্ম-এ তালিকাভুক্ত সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) সুপারিশ করা হয়েছে। এই ফর্মটি পাবার অর্থ এই যে, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর (NYCPS) এই পরিষেবা প্রদানের জন্য এই মুহূর্তে কোনো কর্মী লভ্য নেই। RSA আপনাকে আপনার পছন্দের একজন স্বনির্ভর পরিষেবা প্রদানকারীর কাছ থেকে বিনামূল্যে এই পরিষেবা পাবার সুযোগ প্রদান করে।

### আমি কীভাবে একজন স্বনির্ভর প্রদানকারী খুঁজে বের করবো?

আপনাকে একজন পরিষেবা প্রদানকারী খুঁজে পেতে সহায়তা দিতে, আমরা **স্কুল-বয়সী শিক্ষার্থীদের জন্য স্বনির্ভর সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারীদের** একটি মিউনিসিপালিটি তালিকা সংযুক্ত করেছি, অথবা আপনি NYCPS-এর পাবলিক ওয়েবসাইট দেখতে পারেন:

https://www.schools.nyc.gov/learning/special-education/supports-and-services/related-services/finding-an- independent-provider

আপনি এই তালিকার যেকোনো পরিষেবা প্রদানকারীকে ব্যবহার করতে অথবা আপনার নিজস্ব পরিষেবা প্রদানকারী খুঁজে নিতে পারেন। অনুগ্রহ করে স্মরণ রাখবেন:

- পরিষেবা প্রদানকারীকে অবশ্যই NYCPS দ্বারা অনুমোদিত হতে হবে।
- পরিষেবা প্রদানকারীকে অবশ্যই স্থায়ীভাবে লাইসেন্সধারী অথবা নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট দ্বারা সনদপ্রাপ্ত (সার্টিফায়েড) হতে হবে এবং সুপারিশকৃত সংশ্লিষ্ট পরিষেবা প্রদানে বর্তমান রেজিস্ট্রেশন থাকতে হবে।
- যেখানে প্রযোজ্য, প্রদানকরীকে অবশ্যই প্রতিষ্ঠিত দ্বিভাষীক দক্ষতার শর্তাবলী পূরণ করতে হবে।

### বিভিন্ন বিষয়ের ক্ষেত্রে একজন স্বনির্ভর প্রদানকারী হবার জন্য আবশ্যক শংসাপত্র বা ক্রেডেনশিয়াল কী কী?

- **কাউন্সেলিং** অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের একজন লাইসেন্সধারী সাইকোলজিস্ট, ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্কার, অথবা মেন্টাল হেলথ্ কাউন্সেলর দ্বারা প্রদত্ত হতে হবে। দ্বিভাষীক (বাইলিঙ্গুয়াল) কাউন্সেলিং শুধুমাত্র এমন কোনো ব্যক্তি প্রদান করতে পারেন, যিনি উপরে বর্ণিত শর্তাবলী পূরণ করেন, এবং এর পাশাপাশি যথাযথ দ্বিভাষীক দক্ষতার শর্তাবলীও পূরণ করেন।
- **অক্যুপেশনাল থেরাপি** পরিষেবা অবশ্যই একজন নিউ ইয়র্ক স্টেট লাইসেন্সধারী অক্যুপেশনাল থেরাপিস্ট প্রদান করবেন।
- **ফিজিক্যাল থেরাপি** পরিষেবা অবশ্যই একজন নিউ ইয়র্ক স্টেট লাইসেন্সধারী ফিজিক্যাল থেরাপিস্ট প্রদান করবেন।
- **স্পিচ থেরাপি** অবশ্যই একজন নিউ ইয়র্ক স্টেট লাইসেন্সধারী স্পিচ/ল্যাঙ্গুয়েজ প্যাথোলজিস্ট প্রদান করবেন, যিনি একই সাথে স্পিচ অ্যান্ড ল্যাঙ্গুয়েজ ডিসঅ্যাবিলিটিজ অথবা স্পিচ অ্যান্ড হিয়ারিং হ্যান্ডিক্যাপড্-এর সনদপ্রাপ্ত (সার্টিফাইড) শিক্ষক। দ্বিভাষীক বা বাইলিঙ্গুয়াল স্পিচ থেরাপি শুধুমাত্র এমন কোনো ব্যক্তি প্রদান করতে পারেন, যিনি উপরে বর্ণিত শর্তাবলী পূরণ করে, এবং এর পাশাপাশি যথাযথ দ্বিভাষীক দক্ষতার শর্তাবলীও পূরণ করেন।
- **ভিশন এডুকেশন** (দৃষ্টি সম্পর্কিত শিক্ষা) অবশ্যই শুধুমাত্র একজন নিউ ইয়র্ক স্টেটের অন্ধ ও আংশিক দৃষ্টিসম্পন্ন শিক্ষার্থীদের জন্য সনদপ্রাপ্ত শিক্ষক অথবা অন্ধ শিক্ষার্থীদের জন্য সনদপ্রাপ্ত শিক্ষক এবং দৃষ্টি বৈকল্য (ভিজ্যুয়ালি ইমপেয়ারড্) বা দিক-নির্দেশনা/চলাচল সক্ষমতা (ওরিয়েন্টেশন/মোবিলিটি) স্পেশালিস্ট। দ্বিভাষীক বা বাইলিঙ্গুয়াল ভিশন এডুকেশন সার্ভিস শুধুমাত্র এমন কোনো ব্যক্তি প্রদান করতে পারেন, যিনি উপরে বর্ণিত শর্তাবলী পূরণ করেন, এবং যিনি যথাযথ দ্বিভাষীক দক্ষতার শর্তাবলীও পূরণ করেন।
- **হিয়ারিং এডুকেশন** (শ্রুতি শিক্ষা) **পরিষেবাসমূহ** অবশ্যই শুধু একজন নিউ ইয়র্ক স্টেটের বধির ও শ্রুতি বৈকল্য (হিয়ারিং ইমপেয়ারড্) আছে এমন শিক্ষার্থীদের জন্য সনদপ্রাপ্ত বা সার্টিফায়েড শিক্ষক, বধির ও শুনতে সমস্যা আছে এমন শিক্ষার্থীদের শিক্ষক, অথবা একজন যথাযথ প্রশিক্ষণ প্রাপ্ত, লাইসেন্সধারী বা সনদপ্রাপ্ত (সার্টিফাইড) সাইন ল্যাঙ্গুয়েজ দোভাষী সেবা প্রদানকারী। দ্বিভাষীক বা বাইলিঙ্গুয়াল হিয়ারিং এডুকেশন সার্ভিস শুধুমাত্র এমন কোনো ব্যক্তি প্রদান করতে পারেন, যিনি উপরে বর্ণিত শর্তাবলী পূরণ করেন, এবং যিনি যথাযথ দ্বিভাষীক দক্ষতার শর্তাবলীও পূরণ করেন।

- **একজন রেজিস্টার্ড নার্স কর্তৃক স্বাস্থ্য পরিষেবা** অবশ্যই শুধুমাত্র নিউ ইয়র্ক স্টেটের একজন লাইসেন্সধারী অথবা সার্টিফাইড রেজিস্টার্ড নার্স যার অটোমেটেড এক্সটারনাল ডিফিব্রিলেশন-এর (CPR/AED) পাশাপাশি কার্ডিও-পালমোনারি রিসাসসিটেশনে বর্তমান সনদ বা সার্টিফিকেশন আছে, তিনি প্রদান করতে পারবেন।

- **হেলথ্ এইড/প্যারাপ্রফেশনাল দ্বারা প্রদত্ত স্বাস্থ্য পরিষেবা** অবশ্যই যথাযথভাবে প্রশিক্ষণপ্রাপ্ত, লাইসেন্সধারী, অথবা সনদপ্রাপ্ত (সার্টিফাইড) হেলথ্ এইড প্রদান করবেন।

অনুগ্রহ করে লক্ষ্য করবেন:

- কোনও ব্যক্তি যিনি NYCPS-এর একজন বর্তমান কর্মী (যদি না তিনি NYCPS থেরাপিস্টদের মিউনিপ্যালিটি তালিকায় স্থান লাভে অনুমোদিত হন) অথবা এই চুক্তির অধীনে অন্য কোনও সিটি এজেন্সি পরিষেবা প্রদান করতে পারবেন না; এর ব্যতিক্রম কিছু বিরল ক্ষেত্রে ডিপার্টমেন্ট থেকে কোনও অনুরোধ সাপেক্ষে নিউ ইয়র্ক সিটির কনফ্লিক্টস্ অভ ইন্টারেস্ট (স্বার্থের দ্বন্দ্ব) বোর্ড দ্বারা অব্যাহতি অনুমোদিত হয়।

- এজেন্সিগুলো NYCPS কর্মীদের প্রদানকারী হিসেবে নিয়োগ দিতে পারবে না, এতে রয়েছে পরিষেবা প্রদানকারী হিসেবে NYCPS থেরাপিস্টদের মিউনিসিপাল তালিকায় অন্তর্ভুক্ত ব্যক্তিগণ।

- কোনও ব্যক্তি যিনি NYCPS-এর চাকরি ত্যাগ করেছেন, তিনি এই চুক্তির অধীনে (কোনও এজেন্সির কর্মী/কন্ট্রাক্টর হিসেবে স্বনির্ভর পরিষেবা প্রদানকারী) ডিপার্টমেন্ট ছাড়ার পুরো এক বছর পূর্ণ না হওয়া পর্যন্ত, পরিষেবা প্রদান করতে পারবেন না।
    - যদি ব্যক্তিটি “F” স্ট্যাটাস কাজ করে থাকে, ব্যক্তিটিকে ডিপার্টমেন্টের চাকুরিরত হিসেবে ধরা হবে, এবং এই চুক্তির অধীনে পরিষেবা প্রদানের আগে “F” স্ট্যাটাস কাজ শেষ করার পর অবশ্যই পুরো এক বছর অপেক্ষা করতে হবে।

    - যদি ব্যক্তিটি "F" স্ট্যাটাসে কাজ করে এবং অবসর গ্রহণ করে, তবে তিনি অবসর গ্রহণ করার পর অবিলম্বে একজন স্বনির্ভর পরিষেবা প্রদানকারী হিসেবে আবেদন করতে পারেন।

  এই বিধি-নিষেধ নিউ ইয়র্ক সিটি চার্টারের চ্যাপ্টার 68-এ উল্লেখ করা হয়েছে।

- পরিষেবা প্রদানকারী অবশ্যই সেই মূল্যায়নকারী হতে পারবেন না, যিনি মূল্যায়নটি সম্পন্ন করেছেন।

**একজন স্বনির্ভর পরিষেবা প্রদানকারীর দায়-দায়িত্ব কী কী?**

একজন স্বনির্ভর পরিষেবা প্রদানকারীকে অবশ্যই নিচের উল্লেখিত বিষয়গুলিতে সম্মত হতে হবে:

- বর্তমান শিক্ষা বছরের জন্য IEP অনুযায়ী শিক্ষার্থীকে দেয়া পরিষেবার সংখ্যা, সময়, এবং ভাষা। প্রত্যেক শিক্ষার্থীর IEP-তে বর্ণিত গ্রুপ সাইজের চেয়ে বড় কোন গ্রুপ সাইজ হবে না।
- SESIS সিস্টেমে প্রদান করার মাধ্যমে পরিষেবা শুরুর তারিখ জানাতে হবে।
- সাপ্তাহিক অগ্রগতির নোট সংরক্ষণ করুন, অনুরোধ সাপেক্ষে শিক্ষার্থীর প্রগ্রেস রিপোর্ট জমা দিন, এবং NYCPS-এর খরচ ব্যতিরেকে IEP বৈঠকে যোগদান ও IEP-র যথাযথ পৃষ্ঠা পূরণ করুন।
- পাবলিক স্কুলগুলোর জন্য NYCPS-এর স্কুল ক্যালেন্ডার অনুযায়ী, এবং নন-পাবলিক স্কুলগুলোর জন্য নন-পাবলিক/ধর্মীয়/চার্টার স্কুলের ক্যালেন্ডার অনুযায়ী পরিষেবা প্রদান করা।
- ঘাটতি পূরণের (মেক আপ) অধিবেশন বা সেশনগুলো শুধু ঐ সপ্তাহের মাঝেই প্রদান করা। নিয়মিত অধিবেশন বা সেশনের দিনেই মেক আপ সেশন পরিচালনা করা যাবে না।
- এসব পরিষেবার জন্য অনুমোদিত সর্বোচ্চ রেটের বেশি পূর্ণ পারিশ্রমিক গ্রহণ করা যাবে না। যে হার চার্জ করা হবে সেটি আপনি সাধারণত যে সর্বনিম্ন হার প্রদান করেন তার চেয়ে অবশ্যই বেশি হবে না। এই রেট শুধুমাত্র সরাসরি পরিষেবার জন্য এবং এই রেটটি গ্রুপ সাইজ নির্বিচারে প্রদত্ত পরিষেবার জন্য প্রযোজ্য, এর ব্যতিক্রম স্পিচ থেরাপি পরিষেবার ক্ষেত্রটি যেটি শিক্ষার্থী সংখ্যার উপর নির্ভরশীল, এবং এটি রেট সূচিতে উল্লেখিত একটি অধিবেশন বা সেশনে শিক্ষার্থী সংখ্যার উপর নির্ভরশীল। প্রত্যেক শিক্ষার্থীর IEP-তে বর্ণিত গ্রুপ সাইজের চেয়ে বড় কোনও গ্রুপ সাইজ হবে না। প্রদত্ত পরিষেবার জন্য পরিষেবা প্রদানকারীগণ পিতামাতা/অভিভাবকের কাছে অর্থ পরিশোধের অনুরোধ জানাবে না।
- পিতামাতা/অভিভাবকের নিজের অর্থ খরচ না করার শর্ত অনুযায়ী, সরাসরি NYCPS-এর কাছে ইনভয়েস (রসিদ) জমা দিন।
- তার নিজস্ব পেশাগত ম্যালপ্র্যাকটিস/লায়াবিলিটি ইনস্যুরেন্স থাকতে হবে।
- প্রতিদিনের উপস্থিতির রেকর্ড সংরক্ষণ করুন এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ সোশ্যাল সার্ভিসেস কর্তৃক অনুরোধকৃত ড্যাটা/তথ্য সংগ্রহে অথবা NYCPS-এর জন্য বাড়তি খরচ ব্যতিরেকে অন্য কোনও এজেন্সিতে যোগদান করুন।
- পরিষেবা প্রদানকারীদের NYCPS-এর স্টাফদের কোনো উপহার দেয়া নিষিদ্ধ।

**স্বনির্ভর পরিষেবা প্রদানকারীদের সর্বোচ্চ পারিশ্রমিকের হার কত?**

| সংশ্লিষ্ট পরিষেবার ধরন | ভাষা | গ্রুপিং | হার কার্যকর হবার তারিখ 09/01/2025 * | সেশনের দৈর্ঘ্য |
|---|---|---|---|---|
| কাউন্সেলিং - লাইসেন্সধারী সাইকোলজিস্ট | একভাষী/দ্বিভাষী | স্বতন্ত্র এবং সকল গ্রুপের শিক্ষার্থী সংখ্যা | $54 | 30 মিনিট |
| কাউন্সেলিং - মেন্টাল হেলথ্ কাউন্সেলর | একভাষী/দ্বিভাষী | স্বতন্ত্র এবং সকল গ্রুপের শিক্ষার্থী সংখ্যা | $54 | 30 মিনিট |
| কাউন্সেলিং– লাইসেন্সধারী ক্লিনিকাল সোশ্যাল ওয়ার্কার | একভাষী/দ্বিভাষী | স্বতন্ত্র এবং সকল গ্রুপের শিক্ষার্থী সংখ্যা | $48 | 30 মিনিট |
| হেলথ্ এইড (পরিবহন ব্যবস্থা, প্যারা, ক্রাইসিস প্যারা ইত্যাদি) | একভাষী | স্বতন্ত্র এবং সকল গ্রপের শিক্ষার্থী সংখ্যা | $24 | 60 মিনিট |
| হিয়ারিং এডুকেশন সার্ভিস | একভাষী/দ্বিভাষ | স্বতন্ত্র এবং সকল গ্রুপ | $54 | 30 মিনিট |
| অকুপেশনাল থেরাপি | একভাষী | স্বতন্ত্র এবং সকল গ্রুপ | $54 | 30 মিনিট |
| মৌখিক হুবহু উচ্চরণকারী | একভাষী | | $24 | 60 মিনিট |
| ওরিয়েন্টেশন/মোবিলিটি স্পেশালিস্ট | একভাষী/দ্বিভাষী | স্বতন্ত্র এবং সকল গ্রুপ | $54 | 30 মিনিট |
| ফিজিক্যাল থেরাপি | একভাষী | স্বতন্ত্র এবং সকল গ্রুপ | $54 | 30 মিনিট |
| রেজিস্টার্ড নার্স | একভাষী | স্বতন্ত্র এবং সকল গ্রুপ | $54 | 30 মিনিট |
| সাইন ল্যাঙ্গুয়েজ দোভাষী | একভাষী/দ্বিভাষী | স্বতন্ত্র এবং সকল গ্রুপ | $36 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | একভাষী | স্বতন্ত্র | $54 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | একভাষী | 2 জনের গ্রুপে পরিষেবা প্রদান | $67.50 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | একভাষী | 3 জনের গ্রুপে পরিষেবা প্রদান | $81 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | একভাষী | 4 জনের গ্রুপে পরিষেবা প্রদান | $94.50 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | একভাষী | 5 অথবা এরচেয়ে বেশি শিক্ষার্থীর গ্রুপে পরিষেবা প্রদান | $108 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | দ্বিভাষিক | স্বতন্ত্র | $64.80 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | দ্বিভাষিক | 2 জনের গ্রুপে পরিষেবা প্রদান | $81.00 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | দ্বিভাষিক | 3 জনের গ্রুপে পরিষেবা প্রদান | $97.20 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | দ্বিভাষিক | 4 জনের গ্রুপে পরিষেবা প্রদান | $113.40 | 30 মিনিট |
| স্পিচ থেরাপি | দ্বিভাষিক | 5 বা বেশির গ্রুপে পরিষেবা দান | $129.60 | 30 মিনিট |
| ভিশন এডুকেশন সার্ভিস | একভাষী/দ্বিভাষী | স্বতন্ত্র এবং সকল গ্রুপ | $54 | 30 মিনিট |
| SETSS ** | একভাষী | স্বতন্ত্র | $85.91 | 60 মিনিট |
| SETSS ** | একভাষী | 2 জনের গ্রুপে পরিষেবা প্রদান | $100.22 | 60 মিনিট |
| SETSS ** | একভাষী | 3 বা 4 জনের গ্রুপে পরিষেবা দান | $114.54 | 60 মিনিট |
| SETSS ** | একভাষী | 5-8 জন শিক্ষার্থীর গ্রুপে পরিষেবা প্রদান | 143.18 | 60 মিনিট |

*** 9/1/2025 অথবা এরপর দেয়া পরিষেবার জন্য।**

**** SETSS-এর হার বা রেট 2024 সালে বৃদ্ধি করা হয়েছে।**

স্বনির্ভর প্রদানকারীগণ কর্তৃক যে রেট চার্জ করা হবে সেটি অবশ্যই তাদের দ্বারা নিয়মিত চার্জকৃত সর্বনিম্নের বেশি হবে না, এবং প্রয়োজন অনুযায়ী আংশিক হওয়া উচিত।

এসব পরিষেবার জন্য অনুমোদিত সর্বোচ্চ রেটের বেশি পূর্ণ পারিশ্রমিক পরিষেবা প্রদানকারীরা আদায় করতে পারবে না। এসব প্রদত্ত পরিষেবার জন্য প্রদানকারীগণ পিতামাতা/অভিভাবকের কাছে অর্থ পরিশোধের কোনও অনুরোধ জানাবেন না।

## একজন পরিষেবা প্রদানকারী বাছাইয়ের পর আমাকে কী কী করতে হবে?

আপনি এবং বাছাইকৃত স্বনির্ভর প্রদানকারী অবশ্যই **RSA-2 Form**-টি পূরণ করবেন, তারপর ফর্মটিতে স্বাক্ষর করবেন এবং পরিষেবা প্রদানকারীর লাইসেন্স এবং/অথবা সার্টিফিকেটের একটি কপি সংযুক্ত করবেন। স্বনির্ভর পরিষেবা প্রদানকারী যদি কোনো এজেন্সির জন্য কাজ করে, তবে প্রদানকারীকে অবশ্যই এজেন্সির তথ্য নিচে উল্লেখিত লেবেলকৃত ফিল্ডে অন্তর্ভুক্ত করতে হবে: **এজেন্সির নাম (যদি যথাযথ হয়)**, **কর্মীর ট্যাক্স ID নম্বর (যদি এজেন্সি হয়)** এবং **এজেন্সির ঠিকানা।** যদি স্বনির্ভর পরিষেবা প্রদানকারী কোনও এজেন্সির জন্য কাজ না করে কিন্তু **তার যদি নিজস্ব ট্যাক্স ID নম্বর** থাকে, তবে পরিষেবা প্রদানকারীকে অবশ্যই এইসব ফিল্ড পূরণ করতে হবে। আপনার স্বনির্ভর পরিষেবা প্রদানকারীর লাইসেন্স এবং/অথবা সার্টিফিকেটের একটি কপিও রাখা উচিত। অনুগ্রহ করে জেনে রাখবেন যে, শুধু RSA-2 ফর্মে তালিকাভুক্ত স্বনির্ভর পরিষেবা প্রদানকারী আপনার সন্তানকে পরিষেবা দিতে পারবে। আপনার সন্তানকে যদি প্রদানকারীর কর্ম-স্থলে দেখা হয় আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, শুধু সেই স্বনির্ভর প্রদানকারী তাকে পরিষেবা দিচ্ছে যাকে আপনি অনুমোদিত করেছেন। RSA-2 ফর্মে নির্দেশিত অনুযায়ী পূরণকৃত **RSA-2 ফর্ম** অবশ্যই অফিসে জমা দিতে হবে।

## আমি RSA-2 ফর্ম জমা দেয়ার পর, পরিষেবা প্রদানকারী কখন শুরু করবে?

RSA-2 ফর্ম পাবার পর, সকল তথ্য পর্যালোচিত হবে। যদি ফর্ম পূরণ করা হয় এবং পরিষেবা প্রদানকারী সিকিউরিটি ক্লিয়ারেন্স পায় এবং যথাযথ লাইসেন্স এবং রেজিস্ট্রেশন এবং/অথবা সার্টিফিকেশন জমা দেয়ার পর, আপনার পরিষেবা প্রদানকারী এই পরিষেবার জন্য একটি অথরাইজেশন নম্বর-সহ একটি অনুমোদনের চিঠি পাবে। যদি আমরা আপনাকে এই অনুমোদনের বিষয়ে অবহিত করতে ব্যর্থ হই, তবে পরিষেবা প্রদানকারীকে একটি অনুমোদিত RSA ইস্যু করার এবং NYCPS দ্বারা তাদের ক্লিয়ারড্ হিসেবে নিশ্চিত করার আগ পর্যন্ত তারা পরিষেবা শুরু করার জন্য অথবা অর্থ পরিশোধের জন্য অনুমোদিত হবে না। শুধুমাত্র **RSA-2 ফর্মে** তালিকাভুক্ত স্বনির্ভর প্রদানকারী পরিষেবা প্রদানে অনুমোদিত। যদি স্বনির্ভর পরিষেবা প্রদানকারীর কোনও পরিবর্তন ঘটে, একটি নতুন **RSA-2 ফর্ম** অবশ্যই জমা দিতে হবে। আপনি যে স্বনির্ভর পরিষেবা প্রদানকারীকে বেছে নিয়েছেন তাকে অবশ্যই তার কোনও খরচ না করে 49-51 Chambers Street, Room 600, New York, NY 10007 ঠিকানায় অবস্থিত অফিস অভ রিলেটেড অ্যান্ড কন্ট্রাক্টুয়াল সার্ভিসেস-এ ফিংগারপ্রিন্ট দিতে হবে। যতক্ষণ পর্যন্ত সিকিউরিটি ক্লিয়ারেন্স পাবে না ততক্ষণ পর্যন্ত স্বনির্ভর পরিষেবা প্রদানকারীগণ শুরু করার অনুমোদন পাবে না।

## সংশ্লিষ্ট পরিষেবা কোথায় প্রদান করা যাবে?

সংশ্লিষ্ট পরিষেবা আপনার সন্তানের স্কুল, আপনার বাড়িতে অথবা প্রদানকারীর কর্ম স্থলে প্রদান করা যেতে পারে।

## আমি যদি আমার সন্তানকে পরিষেবার জন্য প্রদানকারীর কর্মস্থলে নিয়ে যাই, আমাকে যাতায়াতের খরচ পরিশোধ করা হবে কি?

হ্যাঁ। যাতায়াতের ভাড়ার অর্থ পরিশোধের সকল অনুরোধ অবশ্যই সংযুক্ত **RSA-3 অথবা RSA-3A ফর্ম ট্রান্সপোর্টেশন রিইমবার্সমেন্ট ভাউচারের** মাধ্যমে জানাতে হবে। স্বাধীন প্রদানকারী অবশ্যই পরিষেবার জন্য আপনাকে অনুমোদিত **RSA-2** ফর্মের একটি কপি এবং বিল আপনাকে দেবে অথবা কোন স্টেটমেন্ট যেখানে পরিষেবার তারিখ উল্লিখিত থাকবে, যেটি পরিবহন প্রদানকারীর কাছ থেকে আবশ্যিক রিসিটসহ **RSA-3 অথবা RSA-3A** ফর্মের সাথে সংযুক্ত থাকবে। সকল ক্ষেত্রে, আবশ্যিক অনুমোদিত ফর্মগুলোতে মূল অনুমোদনের স্বাক্ষর না থাকলে কোনও অর্থ পরিশোধের প্রক্রিয়াকরণ করা হবে না। আপনার সন্তান **যে তারিখে** পরিবহন পরিষেবা পেয়েছে তা উল্লেখ করে আপনাকে অবশ্যই **RSA-3** অথবা **RSA-3A** ফর্মগুলোতে স্বাক্ষর করতে হবে। **কোন অবস্থাতেই পূরণ করা হয়নি এমন RSA-3 বা RSA-3A ফর্মগুলোতে বা যে পরিবহন পরিষেবা এখনও দেয়া হয়নি সেটার জন্য স্বাক্ষর করবেন না।**

## কীভাবে পরিষেবা প্রদানকারীকে অর্থ পরিশোধ করা হবে?

পরিষেবা প্রদানকারী অর্থ পরিশোধের জন্য একটি অনুমোদিত RSA এবং পথ-নির্দেশনা পাবে। **আপনাকে নিজের পকেট থেকে কোনও অর্থ পরিশোধ করতে হবে না।** এসব পরিষেবার জন্য অনুমোদিত সর্বোচ্চ রেটের বেশি পূর্ণ পারিশ্রমিক পরিষেবা প্রদানকারীরা আদায় করতে পারবে না। পরিষেবা প্রদানকারী প্রদত্ত পরিষেবা জন্য পিতামাতা/অভিভাবকের কাছে অর্থ পরিশোধের অনুরোধ করতে পারবেন না।

আপনার বাড়ি অথবা প্রদানকারীর অফিসে যদি পরিষেবা প্রদান করা হয় আপনাকে অবশ্যই প্রদানকারীর ইনভয়েসে স্বাক্ষর দিতে হবে যেখানে আপনার সন্তানের পরিষেবা গ্রহণের প্রকৃত তারিখগুলি উল্লিখিত থাকবে। **আপনি অবশ্যই পূরণ করা হয়নি এমন ইনভয়েসে অথবা যে পরিষেবা প্রদান করা হয়নি তার জন্য স্বাক্ষর করবেন না।**

## পরিষেবা প্রদানকারীকে IEP অথবা স্টুডেন্ট প্রোগ্রেস রিপোর্ট লিখতে হবে কি?

এই উদ্দেশ্যে ডিপার্টমেন্ট প্রদত্ত ফর্মে প্রদানকারীকে অবশ্যই দৈনিক উপস্থিতির রেকর্ড সংরক্ষণ করতে হবে, প্রদত্ত পরিষেবার জন্য সাপ্তাহিক অগ্রগতির নোট রাখতে হবে, এবং স্কুল কর্তৃপক্ষ বা কমিটি অন স্পেশাল এডুকেশনের অনুরোধক্রমে একটি সংশ্লিষ্ট পরিষেবার শিক্ষার্থী প্রগ্রেস রিপোর্ট পূরণ করতে হবে। এছাড়া, বার্ষিক পর্যালোচনার জন্য কোন অনুরোধে এবং/অথবা যদি অন্য কোন পর্যালোচনার অনুরোধ জানানো হয়, প্রদানকারীকে অবশ্যই IEP কনফারেন্সে যোগদানে লভ্য থাকতে হবে এবং বাড়তি কোন খরচ ব্যতিরেকে IEP-এর যথাযথ পৃষ্ঠাগুলি পূরণ করতে হবে। প্রগ্রেস রিপোর্ট অবশ্যই প্রতিবছর জমা দিতে হবে।

**যদি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কর্মীদের কাছে সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) লভ্য হয়, সেক্ষেত্রে কী হবে?**

আপনার সন্তান কোনো স্বনির্ভর প্রদানকারীর কাছ থেকে পরিষেবা পাবার আগে যদি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কর্মীর কাছে এই পরিষেবা পাওয়া যায়, তাহলে ডিপার্টমেন্ট এই পরিষেবা প্রদান করবে। যদি, কোনোভাবে, আপনার সন্তান কোনও স্বনির্ভর পরিষেবা প্রদানকারীর কাছ থেকে এই পরিষেবা পাওয়া শুরু করে, আপনার স্বনির্ভর প্রদানকারীর কাছ থেকে এই পরিষেবা গ্রহণ শিক্ষা বছরের শেষ নাগাদ আপনি অব্যাহত রাখার সুযোগ পাবেন।

**সহায়তা পেতে আমি কাকে ফোন করতে পারি?**

এই ফর্মগুলো অথবা স্বনির্ভর পরিষেবা প্রদানকারী খুঁজে পেতে যদি কোনো সহায়তা প্রয়োজন হয়, তবে অনুগ্রহ করে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। আপনি পাবলিক স্কুলে অংশগ্রহণ না করলে অনুগ্রহ করে CSE-এর সাথে যোগাযোগ করুন, যারা এই সংশ্লিষ্ট পরিষেবার অনুমোদনের চিঠি পাঠিয়েছে।